



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০  
Mail: pr@nu.edu.bd

তারিখ : ০৮/০২/২০১৮

## সংবাদ বিজ্ঞপ্তি

### দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় জনাব মোঃ আবদুল হামিদ-কে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অভিনন্দন

মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়সমূহের মাননীয় চ্যাম্পেলর জনাব মোঃ আবদুল হামিদ রাষ্ট্রপতি পদে দ্বিতীয়বার বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এক বার্তায় তাঁকে উষ্ণ অভিনন্দন জানিয়ে বলেন, “মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ অত্যন্ত সজ্জন, নিরহংকার ও আদর্শবান মানুষ। তিনি দেশের একজন নন্দিত, প্রবীণ ও ত্যাগী রাজনীতিবিদ। সর্বজন গ্রহণযোগ্য শ্রদ্ধাবান ও পরীক্ষিত এই ব্যক্তিত্বকে দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি পদে মনোনয়নদান ও বিনা প্রতিদ্বন্দ্বিতায় তাঁর ঐ পদে নির্বাচিত হওয়ায় আমি আওয়ামী লীগ সভানেত্রী ও বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমি আশা করি, মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ তাঁর দ্বিতীয় মেয়াদেও অত্যন্ত সফলতা, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে রাষ্ট্রের প্রধান অভিভাবকের দায়িত্ব পালন করে বাংলাদেশকে ক্ষুধা-দারিদ্রমুক্ত উন্নত-সমৃদ্ধ দেশ তথা জাতির জনকের স্বপ্নের ‘সোনার বাংলা’ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে বিশেষ অবদান রাখতে সক্ষম হবেন।”

আমি তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করি।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়